# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০২২

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০২. ভুলবশত নাযায পাঁচ রাকআত পড়লে।

باب إِذَا صَلَّى خَمْسًا

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ، أَخْبَرَنَا جَرِيرٌ، ح وَحَدَّثَنَا يُوسُفُ بْنُ مُوسَى، حَدَّثَنَا جَرِيرٌ، ـ وَهَذَا حَدِيثُ يُوسُفَ ـ عَنِ الْحَسَنِ بْنِ عُبَيْدِ اللَّهِ، عَنْ إِبْرَاهِيمَ بْنِ سُوَيْدٍ، عَنْ عَلْقَمَةَ، قَالَ قَالَ عَبْدُ اللَّهِ صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم خَمْسًا فَلَمَّا انْفَتَلَ تَوَشْوَشَ الْقَوْمُ بَيْنَهُمْ فَقَالَ " مَا شَأْنُكُمْ " . قَالُوا يَا رَسُولَ اللَّهِ هَلْ زِيدَ فِي الصَّلاَةِ قَالَ " لاَ " . قَالُوا فَإِنَّكَ صَلَّيْتَ خَمْسًا . فَانْفَتَلَ فَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ سَلَّمَ ثُمَّ قَالَ " إِنَّمَا أَنَا بَشَرٌ أَنْسَى كَمَا تَنْسَوْنَ " .

বাংলা

১০২২. নাসর ইবন আলী ও ইউসুফ ইবন মূসা (রহঃ) এর মিলিত সনদে .... আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের সাথে নামায আদায়কালে পাঁচ রাকাত আদায় করেন। নামায শেষে এ সম্পর্কে লোকেরা পরস্পরের মধ্যে চুপে চুপে আলাপ করতে থাকে। এতদ্দর্শনে তিনি জিজ্ঞাসা করেনঃ কি ব্যাপার, তোমাদের কি হয়েছে? জবাবে তারা বলেনঃ ইয়া রাসূলাল্লাহ! নামায কি বৃদ্ধি করা হয়েছে? তিনি বলেনঃ না। তখন তাঁরা বলেনঃ আপনি তো পাঁচ রাকাত আদায় করেছেন। এতদশ্রবণে তিনি পুনরায় গমন করতঃ দুইটি সিজদা আদায়ের পর সালাম ফিরিয়ে বলেনঃ আমিও তোমাদের মত একজন মানুষ। কাজেই আমারও তোমাদের ন্যায় ভুল হতে পারে। (মুসলিম)

## English

‘Abd Allah (b. Mas’ud) said; The Messenger of Allah (ﷺ) led us in five rak’ahs of prayer. When he turned away (i,e, finished his prayer), the people whispered among themselves. He asked; what is the matter with you ? They said :
Messenger of Allah, has (the number of the rak’ahs of) the prayer been

increased ? he said : No. they said; you have offered five rak’ahs of prayer. He then turned away and performed two prostrations, and afterwards gave the salutation. He then said : I am only a human being, I forget, as you forget.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23326

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন